

১) অর্থ লেখ।

- ক) শুধু — কেবল।  
খ) পুনরায় — আবার।  
গ) সাথে — সঙ্গে।  
ঘ) কিছু — কিছু।

২) শূন্যস্থান পূরণ কর।

- ক) বাবা নাকি যাবেন চলে আবার?  
খ) কলকাতাতে কী আছে মা বাবার —  
সেখানে যান কেন?  
গ) লুকিয়ে থাকব এমনি খাটের তলে,  
ঘ) বাবা যখন ডাকবে 'ভুলো' বলে —  
দিসনে বলে যেন!

৩) নীচের বাক্যগুলির পাশে 'ঠিক' বা 'ভুল' লেখ।

- ক) ছেলেটি তার অভিমানের কথা তার মাকে বলেছে। (ঠিক)  
খ) ছেলেটির বাবা চলে গেলে সে ঘুমাবে। (ভুল)  
গ) নৌকোয় চড়ে ছেলেটির বাবা কলকাতায় যান। (ঠিক)  
ঘ) ছেলেটির অসুখ করলে সে ওষুধ খাবে। (ভুল)  
ঙ) ছেলেটির বাবা ছেলেটিকে কলকাতায় নিয়ে গেলে সে সব কথা শুনবে। (ঠিক)  
চ) ছেলেটি দরজার আড়ালে লুকিয়ে থাকতে চায়। (ভুল)

৪) নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

- ক) 'ভুলো' কার নাম?  
উঃ অভিমান কবিতায় ছোটো ছেলেটির নাম 'ভুলো'।  
খ) কলকাতায় ছেলেটির বাবা কী করেন?  
উঃ কলকাতায় ছেলেটির বাবা চাকরি করেন।  
গ) রাত্তির হয়ে গেলে ঘাটে গিয়ে ছেলেটির বাবা কি পাবে না?  
উঃ রাত্তির হয়ে গেলে ঘাটে গিয়ে ছেলেটির বাবা নৌকো পাবে না।  
ঘ) বাবা চলে গেলে ছেলেটি কি করবে?  
উঃ বাবা চলে গেলে ছেলেটি কেঁদে কেঁদে জ্বর বাধাবে।  
ঙ) ছেলেটি তার বাবার ওপর কেন অভিমান করে আছে?  
উঃ ছেলেটির বাবা ছেলেটিকে সঙ্গে করে না নিয়ে কলকাতায় চলে যাচ্ছে। তাই ছেলেটি তার বাবার ওপর অভিমান করে আছে।  
চ) 'অভিমান' কবিতাটি কার লেখা?  
উঃ 'অভিমান' কবিতাটি যতীন্দ্রমোহন বাগচী'র লেখা।